

মূল ঃ শাইখ মুহাম্মদ আল উসাইমীন

ভাষান্তরে ঃ মুহাম্মদ রশীদ



مكتب دعوة و توعية الجاليات بعنين ١

هاتف ۲۳۱٤٤٥٠٦ ص.ب ۸۰۸

হজ্জ ও উম্রাহের সংক্ষিপ্ত বিবরণ

মূল ঃ শাইখ মুহাস্মদ আল উসাইমীন

ভাষান্তরে ঃ মুহাস্মদ রশীদ

প্রকাশনা ও প্রচারেঃ-উনাইযাহ ইসলামিক সেন্টার পোষ্ট বক্স নং- ৮০৮/ফোন - ৩৬৪৪৫০৬ (ح) المكتب التعاوني للدعوة والإرشاد وتوعية الجاليات بعنيزة ، ١٤٢١ه فهرسة مكتبة الملك فهد الوطنية أثناء النشر العثيمين ، محمد بن صالح صفة الحج والعمرة - الرياض .

۲۵ ص ؛ ۱۲ × ۱۷ سم ردمك : ٦ - ۱۲ – ۱۸۹ – ۱۹۹۰ (النص باللغة البنغالية)

۱ - الحج ۲ – ۱۲ – العمرة أ- العنوان ديوي ٥ ، ۲۵۲ ۲۱ ۲۱/٤٣٣٦

رقم الايداع ٢١/٤٣٣٦ ردمك : ٦ - ١٢ - ٥٩٨ - ٩٩٦٠

بسم الله الرحمان الرحيام

সমস্ত প্রশংসা ঐ আল্লাহর জন্য যিনি এই নিখিল বিশ্বের মালিক। দরুদ ও সালাম শেষ নবী মুহাস্মদ (সঃ), তাঁর বংশধর এবং ছাহাবাগণের প্রতি। নিশ্চয়ই হজ্জ অন্যতম শ্রেষ্ঠ এবাদত। কেননা, তা ইসলামের ৫ম স্তন্ত বা ভিত্তি। যা দিয়ে আল্লাহ তাঁর রাসূলকে পাঠিয়েছেন। যা ব্যতীত কারো ঈমান ও দ্বীন প্রতিষ্ঠিত হয় না।

ইবাদত কবুল হওয়ার দুটি শর্ত।

- ১) ইখলাছ অর্থাৎ সকল কাজ এক মাত্র আল্লাহর সান্নিধ্য লাভের উদ্দেশ্যে করা। যাতে লোক দেখানো, প্রশংসা অর্জন, অথবা দুনিয়া পাওয়ার লোভ লেশ মাত্রও থাকবে না।
- ২) কথা এবং কাজ রাসূলুব্লাহ (সঃ) এর প্রদর্শিত পথের অনুসারে হতে হবে। আর নবী (সঃ) এর অনুসরণ করতে হলে হাদীসের জ্ঞান থাকা আবশ্যক।

হজের প্রকারভেদ

হজ্জ তিন প্রকারঃ- (১) তামতু' (২) ইফরাদ (৩) কেরান।

হজ্জে তামাত্ত্ব

১ হজ্জ মৌসুমে শুধু উমরাহের
ইহরাম বেঁধে তাওয়াফ এবং সায়ী করে (ছাফা
মারওয়ার দৌড়কে সায়ী বলে) মাথার চুল মুশুন

অথবা খাটো করে হালাল হয়ে যাবে। পরে ৮ই জিলহজ্জ শুধু হজ্জের জন্যে ইহরাম বেঁধে হজ্জের সকল কাজ সমাধা করবে।

হজে ইফরাদ ঃ- শুধু হজের জন্য ইহরাম বাঁধবে। এবং মক্কায় পৌছে তাওয়াফে কুদুম বা আগমনী তাওয়াফ ও হজের সায়ী করে নিবে। কিন্তু হজে ইফরাদকারী ১০ই জিলহজ্জ ঈদের দিন জামরায়ে আকাবায় পাথর মারা পর্যন্ত ইহরাম অবস্হায় থাকবে। পাথর মেরে হালাল হবে। যদি কেহ সায়ীকে হজের তাওয়াফের পরে নিয়ে যায় তাহলে কোন ক্ষতি নেই।

হজেজ কেরান

- উমরাহ, ও হজেজর জন্য একসাথে ইহরাম বাঁধবে অথবা প্রথমে উমরাহের জন্য ইহরাম বাঁধবে পরে তাওয়াফ শুরু করার পূর্বেই হজ্জকে শামিল করে নিবে। ইফরাদকারীর যে কাজ তারও একই কাজ তবে কেরানকারীকে কোরবানী করতে হবে। আর এফরাদকারীকে কোরবানী করতে হবে না।

উপরোদ্রোখিত তিন প্রকারের মধ্যে তামাতু হল সবচেয়ে উত্তম। কেননা, নবী করীম (সঃ) ছাহাবীদেরকে তামাতু করার আদেশ করেছিলেন। এমনকি কেউ যদি তাওয়াফ ও সায়ী করে ফেলে তবুও সে তামাতু করতে পারে। কেননা, নবী করীম (সঃ) তাওয়াফ এবং সায়ী করার পর ছাহাবীদেরকে তামান্ত করার ছকুম দিলেন এবং বললেন যে, যাদের সাথে কোরবানীর জন্ত নেই তারা যেন তামান্ত করে। তিনি আরও বললেন যে, যদি আমার সাথে কোরবানীর জন্ত না থাকত তাহলে আমিও তাই করতাম যা করতে তোমাদের বলেছি। উমরাহের বিবরণ ঃ-

উমরাহ্কারী প্রথমে গোসল করবে, সুগন্ধি আতর দাড়ী ও মাথায় লাগাবে। ইহরামের কাপড় পরিধানের পর যদিও আতরের চিহ্ন বাকী থাকে তাহলেও কোন ক্ষতি নেই। সকল নারী-পুরুষ এমনকি ঋতুবতী ও নেফাসওয়ালী মেয়ে লোকের জন্যও সুমত। গোসলের পর ঋতুবতী ও নেফাসওয়ালী মহলা ছাড়া সকলেই ফরজ নামাজের সময় হলে ফরজ নামাজ আর না হয় দু রাকাত সুমত নামাজ তাহিয়্যাতুল ওজুর নিয়তে পড়বে। নামাজ শেষে ইহরাম পরিধান করবে এবং তালবিয়া পাঠ করবে। আর তালবিয়া হলঃ-

الله عَمْرَة عَمْرَةً لَبَيْكُ اللهم لَبَيْكَ إِنَّ الْحَمْدَ وَ النِّعْمَةَ لَكَ وَ النِّعْمَةَ لَكَ وَ الْمُلْكَ لَاشَرِيْكَ لَكَ.

উচ্চারণ ৪- লাব্বাইকা উমরাতান লাব্বাইকা আল্লাহম্মা লাব্বাইকা, লাব্বাইকা লা-শারীকা লাকা লাকাইকা, ইন্নাল হামদা ওয়ান্নি⁹মাতা লাকা ওয়াল মুলকা লা–শারকিা লাকা।

অর্থ ৪- "উমরাহ আদায়ের জন্যে আমি তোমার ডাকে সারাদিয়ে হাজির হয়েছি, আমি তোমার দরবারে হাজির, হে আল্লাহ্! আমি তোমার দরবারে হাজির, তোমার দরবারে হাজির, তোমার কোন অংশীদার নেই। আমি তোমার দরবারে হাজির। নিশ্চয় সমস্ত প্রশংসা, সমস্ত নিয়ামত এবং রাজত্ব তোমারই, তোমার কোন অংশীদার নেই।"

পুরুষেরা উচ্চ স্বরে তালবিয়া পাঠ করবে। আর মহিলারা এমনভাবে পাঠ করবে যেন, তার পার্শবর্তী ব্যক্তি শুনতে পায়। ইহরাম বাঁধার পর বেশী বেশী করে তালবিয়া পাঠ করবে। বিশেষ করে উচু স্হানে উঠতে বা নিচে নামতে, রাত অথবা দিনের আগমনে বেশী বেশী করে তালবিয়া পাঠ করবে। এবং আল্লাহর কাছে তাঁর সম্বৃষ্টি লাভ ও বেহেস্তের জন্য মোনাজাত করবে। আর দোজখ থেকে আশ্রয় প্রার্থনা করবে। ইহরাম বাঁধা থেকে নিয়ে তাওয়াফ শুরু করা পর্যন্ত তালবিয়া পাঠ করবে। তবে হজের জন্য ইহরাম বাঁধা থেকে নিয়ে সিদের দিন জামরাতুল আকাবায় পাথর মারা পর্যন্ত তালবিয়া পাঠ করবে। করে জামরাতুল আকাবায় পাথর মারা পর্যন্ত তালবিয়া পাঠ করবে। যখন হারামে প্রবেশ করবে

তখন ডান পা প্রথমে রাখবে এবং এ দোয়া পড়বে ৪-

بِسُمِ اللهِ وَالصَّلُوةُ وَالسَّلَمُ عَلَى رَسُولِ اللهِ اللَّلَهُمَّ الْخِفْرِلَيْ ذُنُوبِينَ وَافْتَحُ لِي اللهِ اللَّهُمَّ الْخُودُ وَافْتَحُ لِي اللهِ اللهِ اللهِ الْخُودُ الْمُودُ اللهِ اللهُ الْمُودُ اللهِ اللهُ ال

উচ্চারণ ৪- বিসমিল্লাহি ওয়াস্সালাতু ওয়াস্সালামু আলা রাসূলিল্লাহ আল্লাহম্মাগ্ফিরলী যুনুবী ওয়াফ্তাহলী আৰ্ওয়া-বা রাহ্মাতিকা, আউযুবিল্লাহিল আযীমি ওয়া বিওয়াজহিহিল কারীমি ওয়া বিসুলতানিহিল কাদীমি মিনাশ শাইতানির রাজীম।

অর্থ ৪- "আল্লাহর নামে। সালাত ও সালাম বর্ষিত হোক আল্লাহর রাসুলের উপর। হে আল্লাহ ! তুমি আমার গুনাহ সমূহ মাফ করো। এবং তোমার রহমতের দরজাগুলো আমার জন্যে খুলে দাও। আমি মহান আল্লাহর নিকট তাঁর মহিয়ান সত্তা ও সনাতন রাজত্বের ওসিলায় বিতাড়িত শয়তানের অনিষ্ট হতে আশ্রয় প্রথনা করছি।" এরপর তাওয়াফ শুরু করার জন্য হাজরে আসওয়াদের নিকট গিয়ে ডান হাত দিয়ে হাজরে আসওয়াদকে স্পর্শ করতঃ চুম্বন করবে। আর যদি সম্ভব না হয় তাহলে হাত দিয়ে শুধু ইশারা করবে চুম্বন করবে না। কারণ চুমু দিতে গিয়ে অন্যকে কম্ব দেয়া যাবে না। চুমু অথবা ইশারা করার সময় এ দোয়া পড়বে ৪-

بِسُمِ اللهِ وَاللهُ أَكَبَرُ اَلْلُهُمَّ إِيْمَا نَا بِكَ وَوَفَا ءَ إِيْمَا نَا بِكَ وَوَفَا ءَ إِيْمَا بِكَ وَوَفَا ءَ إِيْمَا بِكَ وَوَفَا ءَ بِكِتَا بِكَ وَوَفَا ءَ بِكِتَا بِكَ وَوَفَا ءَ بِكِمَا بِكَ وَاتِبَا عَا لِسُنَّةٍ نَبِيِّكَ مُحَمَّدٍ مَلَّمَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ .

উচ্চারণ ঃ- বিসমিল্লাহি ওয়া আল্লান্থ আকবার আল্লা-হুম্মা ঈমা-নামবিকা ওয়া তাসদীক্বাম বিকিতা-বিকা ওয়া ওয়াফা-আম বি আহদিকা ওয়া ইন্তিবা-আন লিসুনাতি নাবিইয়িকা মোহাম্মাদিন (সঃ)। অর্থ ঃ- "আল্লাহর নামে, আল্লাহ মহান, হে আল্লাহ ! তোমার উপর ঈমান রেখে, তোমার কিতাবকে (কুরআন) সত্যায়ন করে, তোমার প্রতিজ্ঞা পূর্ণ করে এবং তোমার নবী মুহাম্মদ (সঃ) এর আদর্শের অনুসরন করে (ত্বাওয়াফ আদায় করছি।)।"

এবং তাওয়াফ শুরু করবে। রুকনে ইয়ামানিতে আসলে হাত দারা স্পর্শ করবে, চুদ্ধন করবে না আর রুকনে ইয়ামানী ও হাজরে আসওয়াদের মধ্যস্থলে এ দোয়া পডবে ঃ-

উচ্চারণ ৪- রাব্বানা- আতিনা- ফিদ্দুনইয়া হাসানাতান ওয়া ফিল আখিরাতি হাসানাতান ওয়া কিনা আযাবান্নার আল্লাহুন্সা ইন্নী আসআলুকাল আফওয়া ওয়াল আফিয়াতা ফিদ্দুনইয়া ওয়াল আখিরাহ।" অর্থ ৪- "হে আমাদের রব্ব তুমি আমাদেরকে দুনিয়া-আখেরাতের কল্যান দান করো এবং জাহান্নামের আযাব হতে মুক্তি দান করো। হে আল্লাহ আমি তোমার কাছে দুনিয়া-আখেরাতের কল্যান ও নিরাপত্তা ভিক্ষা চাই।" যখনই হাজরে আসওয়াদের কাছে আসবে তখনি হাত দ্বারা ইশারা অথবা চুমু দিয়ে তাকবীর বলবে। আর বাকী তাওয়াফে নিজ ইচ্ছানুযায়ী যিকর, তেলাওয়াত ও দোয়া করতে থাকবে। কেননা, কা'বা ঘরের তাওয়াফ, ছাফা মারওয়ার সাঈ এবং জামরায় পাথর নিক্ষেপে আল্লাহ পাকের যিকরই উদ্দেশ্য। আর এ তাওয়াফ অর্থাৎ আগমনী তাওয়াফে পুরুষের জন্য দুটি কাজ করতে হবে।

- ১) ইজতিবা, অর্থাৎ তাওয়াফকারী গায়ের চাদরের মধ্যভাগ ডান কাঁধের নিচে রেখে উভয় কিনারা বাম কাঁধের উপর রাখবে। তাওয়াফ শেষ হওয়ার পর পূর্বের মত চাদর গায়ে দিবে। কেননা ইজতেবা শুধু তাওয়াফেই করতে হয়।
- ২) তাওয়াফে প্রথম তিন চঞে রমল অর্থাৎ ছোট ছোট কদমে কিছুটা দ্রুত গতিতে চলবে। এবং বাকী চার চঞে স্বাভাবিক গতিতে চলবে। যখন তাওয়াফ শেষ হয়ে যাবে তখন এ আয়াতটি পাড়বে ৪-

উচ্চারণ ঃ- (ওয়াত্তাখিয়ু মিম মাক্বা-মি ইবরাহীমা মোসাল্লা) অর্থাৎঃ- "এবং তোমরা মাক্বামে ইব্রাহীমকে নামাযের স্হান বানাও।"

এবং সুরা ফাতেহার পর প্রথম রাকাতে সুরায়ে কাফিরান ও দিতীয় রাকাতে সুরায়ে ইখলাছ পাঠ করে দু রাকাত নামাজ মাক্বামে ইবরাহীমের পিছনে পড়বে। নামাজ শেষে সম্ভব হলে হাজরে' আসওয়াদে গিয়ে স্পর্শ করবে। এরপর ছাফা পাহাড়ের দিকে যাবে। যখন ছাফার নিকটবর্তী হবে তখন এ আয়াতটি পাঠ করবে ঃ-

إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَا نِرِاشِ.

উচ্চারণ ৪- ইরাচ্ছাফা- ওয়াল মারওয়াতা মিন শাআ-ইরিল্লা-হ অর্থ ৪- "নিশ্চয়ই সাফা এবং মারওয়া আল্লাহর নিদর্শনাবলীর অন্তর্ভুক্ত।" তারপর ছাফা পাহাড়ে উঠে কাবার দিকে মুখ করে আল্লাহ পাকের প্রশংসা ও গুণগান বর্ণনা করে নিজ ইচ্ছা মতো দোয়া করবে। এ স্হলে নবীজী (সঃ) নিমু লিখিত দোয়া করতেন ৪-

لا الله الله الله وَحْدَهُ لاَشْرِيْكُ لَهُ لَهُ اللهُ وَحْدَهُ لاَشْرِيْكُ لَهُ لَهُ اللهُ اللهُ وَحُدَهُ لَاَشْرِيْكُ لَهُ لَهُ اللهُ اللهُ وَحُدَهُ وَهَزَمَ الْاَحْزَابُ اللهُ حُدَهُ وَهَزَمَ الْاَحْزَابُ وَحُدَهُ مَا لَاحْزَابُ وَحُدَهُ مَا لَاحْزَابُ وَحُدَهُ مَا لَاحْزَابُ اللهُ حُدَهُ مَا لَاحْزَابُ اللهُ وَحُدَهُ اللهُ اللهُ وَحُدَهُ اللهُ اللهُ وَحُدَهُ اللهُ وَحُدَهُ اللهُ وَحُدَهُ اللهُ وَاللهُ اللهُ اللهُ وَحُدَهُ اللهُ وَاللهُ اللهُ وَحُدَهُ وَاللهُ اللهُ وَحُدَهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ اللهُ وَحُدَهُ وَاللهُ وَاللّهُ وَاللّهُ

উচ্চারণ ৪- লা-ইলাহা ইল্লাল্লান্থ ওয়াহদান্থ লাশারীকালান্থ লান্থল মুলকু ওয়া লান্থল হামদু ওয়া
হুওয়া আলা-কুল্লি শাইয়্যিন ক্লাদীর। লা-ইলাহা
ইল্লাল্লান্থ ওয়াহদান্থ আনজায়া ওয়াদান্থ ওয়া নাছারা
আবদান্থ ওয়া হাযামাল আহ্যাবা ওয়াদান্থ। অর্থ ৪"আল্লাহ ছাড়া সত্যিকারের কোন মাবুদ নেই। তিনি
একা তাঁর কোন শরীক নেই। রাজত্ব ভারই এবং
তাঁরই জন্যে সমস্ত প্রশংসা। এবং তিনি স্বকিছুর

উপর ক্ষমতাবান। আল্লাহ ছাড়া সত্যিকারের কোন মাবুদ নেই। তিনি একা। তিনি তাঁর প্রতিজ্ঞা পূর্ণ করেছেন, তাঁর বান্দাকে সাহায্য করেছেন এবং সবকটি দলকে একাই পরাজিত করেছেন।" এই দোয়াটি তিনবার পড়বে। এবং এর সাথে অন্যান্য দোয়াও করবে। এরপর ছাফা থেকে নেমে মারওয়ার দিকে চলবে। যখন সবুজ চিহ্নে পৌছাবে তখন যথা সম্ভব দ্রুত গতিতে চলবে। আর যখন দ্বিতীয় সবুজ চিহ্নে পৌছাবে তখন স্বাভাবিক গতিতে চলে মারওয়ায় যাবে। মারওয়ায় পৌছে কিবলার দিকে মুখ করে দু হাত উঠিয়ে ছাফায় যে ভাবে দোয়া করেছিলে তেমনি দোয়া করবে। তারপর মারওয়া থেকে ছাফার দিকে যাবে, এবং যেখানে দ্রুত গতিতে প্রথমে চলেছিল সে খানে দ্রুত গতিতে চলবে আর যেখানে স্বাভাবিক গতিতে চলেছিল সেখানে স্বাভাবিক গতিতে চলবে। যখন ছাফায় পৌছাবে তখন আগের মতো দোয়া ইত্যাদি করবে, এ ভাবে মারওয়ায়ও করবে। ছাফা থেকে মারওয়ায় যাওয়া এক চঞ, এবং মারওয়া থেকে ছাফায় আসা এক চঞ। এভাবে সাত চঞ পূর্ণ করবে। আর সার্সতে নিজ ইচ্ছানুযায়ী কোরআন তেলাওয়াত, যিকর ও দোয়া করতে থাকবে। সার্ল্স শেষে পুরুষের জন্য সম্পূর্ণ মাথার চুল মুক্তন অথবা খাটো করতে হবে। আর

মহিলাদের জন্য অঙ্গুলির অগ্রভাগ পরিমাণ চুল কাটতে হবে। পুরুষের জন্য মাথার চুল মুন্ডন করাই উত্তম। হাঁ যদি হজ্জের সময় অতি নিকটবর্তী হয় তাহলে চুল ছোট করাই উত্তম, যাতে হজ্জের সময় চুল মুন্ডন করা যায়। এরই সাথে উমরাহ সম্পন্ন হয়ে গোল। আর ইহরামের কারণে যে সমস্ত কাজ হারাম ছিল, যেমন, পোষাক- পরিচ্ছদ, সুগন্ধি ব্যবহার, স্থীসহবাস ইত্যাদি সবকিছুই হালাল হয়ে গোল।

হড়েন্দ্রর বিবরণ ১-

৮ই জিলহজ্জ তারবিয়ার দিন প্রথম প্রহরে ঐ স্থানে ইহরাম বাধবে যেখান থেকে হজ্জ করার ইচ্ছা করবে। উমরাহের ইহরাম বাধতে যেভাবে গোসল, সুগন্ধি ব্যবহার ও নামাজ আদায় করেছিল, তেমনি হজ্জের ইহরাম বাধার সময়ও করবে।এর পর হজ্জের ইহরামের নিয়ত করবে এবং এভাবে তালবিয়া পাঠ করবে ৪
থ নিন্দ বিশ্বি বিশ্বে বিশ্বি বিশ্বি বিশ্বি বিশ্বি বিশ্বের বিশ্বি বিশ্ব বিশ্বি বিশ্ব বি

উচ্চারণ ৪- লাল্বাইকা হাজ্জান লাববাইকা আল্লাছস্মা লাকাইকা, লাকাইকা লা-শরীকা লাকা লাকাইকা ইয়াল হামদা ওয়ারি'মাতা লাকা ওয়াল মুলকা লা-শরীকা লাকা। অর্থ ৪- "আমি তোমার ডাকে সাড়া দিয়ে হজ্জ আদায়ের জন্যে হাজির হয়েছি। আমি তোমার দরবারে হাজির, আমি তোমার দরবারে হাজির, তোমার কোন শরীক নেই। আমি তোমার দরবারে হাজির। নিশ্চয় সমস্ত নিয়ামত এবং রাজত্ব তোমারই। তোমার কোন শরীক নেই।"

আর যদি হজ্জ সম্পাদন করতে কোন বাধার আশংকা থাকে তাহলে শর্ত সাপেক্ষে নিয়ত করবে وَ إِنْ حَبُسُنِي حَابِسٌ فَمَحِلِي حَيْثُ

অর্থাৎ যদি কোন বাধাদায়ক বস্তু আমাকে হজ্জ সম্পাদন করতে বাধা দেয়, তাহলে হে আল্লাহ্ ! তুমি যেখানে আমাকে আটকিয়ে দিবে সেখানেই আমার হালাল হওয়ার স্হান হবে। কিন্তু যদি হজ্জ সম্পাদন করতে কোন বাধার আশংকা না থাকে তাহলে শর্তের সাথে নিয়ত করবে না। বরং শর্ত ছাড়াই নিয়ত করবে। অতঃপর মিনার দিকে রওয়ানা দিবে। মিনায় পৌছে যোহর, আছর,

মাগরিব, এশা ও ফজর এই পার্চ ওয়াও নামাজ নির্দ্ধারিত সময়ে কছর করে পড়বে। জমা বা দুই ওয়াওের নামাজ একত্র করে পড়বে না। আরাফার দিন সুর্য্য উঠার পর মিনা থেকে আরাফার দিকে রওয়ানা দিবে। এবং সম্ভব হলে নামিরা নামক স্থানে অবস্থান করবে। আর তা যদি সম্ভব না হয় তাহলে কোন ক্ষতি নেই। কেননা, নামিরায় অবস্হান করা সুনত। যখন সূর্য্য ঢলে যাবে, তখন যোহর ও আছরের নামাজ একসাথে প্রথম ওয়াক্তে দু-দু রাকাত করে পড়বে। যেমনি নবী করীম (সঃ) করেছিলেন। নামাজের পর মহান ও মহীয়ান আল্লাহর দরবারে কান্নাকাটি, যিকর ও দোয়ায় সময়কে নিযুক্ত করবে। আর নিজ পছম্পানুযায়ী দুহাত উচু করে কিবলামুখী হয়ে দোয়া করবে। যদি জাবলে রাহমত পিছনে পড়ে যায় তাহলে কোন অসুবিধা নেই। কেননা, কেবলা মুখী হওয়া সুন্নত, আর জাবলের দিকে মুখ করা সুন্নত নয়। এই মহান অবস্হান স্হলে হুজুর (সঃ) বেশী বেশী করে এই দোয়া পাঠ করতেন ৪-রু এই দোয়া পাঠ করতেন ৪-রু এই দোয়া পাঠ করতেন ৪-

لَا اللهُ اللهُ وَحُدَةُ لَا شَرْيُكُ لَكُ اللهُ وَحُدَةً لَا شَرْيُكُ لَكُ لَكُ اللهُ وَحُدَةً لَا شَرْيُكُ لَكُ لَكُ اللهُ الْحُمُدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْئَ فَدِيْرٌ.

উচ্চারণ % লা-ইলাহা ইল্লাল্লাছ ওয়াহদান্ত লা-শারীকালান্থ লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হুওয়া আলা-কুল্লি শাইয়িয়ন ক্লাদীর।

অর্থ ৪- "আল্লাহ ছাড়া সত্যিকারের কোন মাঁবুদ নেই। তিনি একা তাঁর কোন শরীক নেই। রাজত্ব তারই এবং তাঁরই জন্যে সমস্ত প্রশংসা। এবং তিনি সবকিছুর উপর ক্ষমতাবান।"

যদি কোন ক্লান্তি অনুভূত হয় আর এই ক্লান্তি দূর করতে সাথীদের সাথে লাভজনক কথাবার্তা অথবা কল্যাণকর কিতাবাদি, বিশেষ করে যে সমস্ত কিতাব আল্লাহ পাকের দয়া ও দান সম্পর্কে লিখিত ঐ সমস্ত কিতাব পাঠ করতে ইচ্ছা হয় তাহলে তা হবে উত্তম। অতঃপর বিনয়ের সাথে আল্লাহর দিকে রুজু হয়ে দোয়া করবে। এবং দিনের শেষ ভাগটা দোয়ার মাধ্যমে কাটাবার সুযোগ গ্রহণ করবে। কেননা, আরাফার দোয়া হল সর্ব শ্রেষ্ঠ দোয়া।

সুর্য্য অসত যাওয়ার পর মোজদালিফার দিকে যাত্রা করবে। সেখানে পোঁছে মাগরিব ও এশার নামাজ একত্র করে পড়বে। হাঁ যদি মোজদালিফায় এশার সময়ের পূর্বেই পৌঁছে যায় তাহলে মাগরিবের নামাজ মাগরিবের সময় পড়ে নিবে এবং পরে এশার নামাজ তার নির্দ্ধারিত সময়ে পড়বে। তবে যদি ক্লান্তি বা পানির স্বন্পতার দরুন জমা বা একত্র করতেই হয় তাহলে কোন অসুবিধা নেই, যদিও এশার সময় না হয়। আর যদি আশংকা হয় যে, অর্ধরাতের পূর্বে মোজদালিফায় পৌছাতে পারবে না তাহলে মোজদালিফায় পোঁছার পূর্বে হলেও নামাজ পড়ে নিবে, কেননা অর্ধরাত পর পর্যন্ত নামাজ পিছিয়ে নেয়া জায়েজ নয়। আর মোজদালিফায় রাত্রি যাপন করবে এবং ফজরের সময় হওয়ার পর পর**ই আজান ও** একামত দারা নামাজ আদায় করবে। অতঃপর মাশআরে হারামে গিয়ে আল্লাহ পাকের একত্ববাদ ও বড়ত্ব বর্ণনা করবে এবং সম্পূর্ণ ফর্সা হওয়া পর্যন্ত দোয়ায় মগ্ন থাকবে। যদি মাশআরে হারামে যাওয়া সম্ভব না হয় তাহলে নিজ অবস্হান স্হলে থেকেই ক্বিবলামুখী হয়ে দুহাত উঠিয়ে দোয়া করবে। যখন পূর্ণ ফর্সা হয়ে যাবে তখন সূর্য উঠার পূর্বেই মিনার দিকে রওয়ানা দিবে এবং মেহাস্সির নামক উপত্যকায় আসলে দ্রুতগতিতে চলবে। মিনায় পৌছার পর জামরাতুল আকাবায় যা মন্ধার দিক থেকে নিকটবর্তী পর পর সাতটি কংকর নিক্ষেপ করবে। কংকরগুলি বুটের দানা পরিমাণ হতে হবে। প্রতিটি কংকর নিক্ষেপের সময় "আল্লাহু আকবার" বলবে। কংকর নিক্ষেপের পর কোরবানীর জান্ওয়ার যবেহ করবে। তারপর পুরুষেরা মাথা মুন্ডন করবে। আর মহিলারা অঙ্গুলির অগ্রভাগ পরিমাণ চুল ছোট

করবে। এরপর মক্কায় গিয়ে হজ্জের তাওয়াফ ও সাঈ করবে। কংকর নিক্ষেপ ও মাথা মুন্ডনের পর যখন তাওয়াফ করার জন্য মক্কায় যাওয়ার মনস্হ করবে, তখন সুগন্ধি ব্যবহার করা সুন্নত। তাওয়াফ ও সাঈ শেষে মিনায় ফিরে এসে ১১ ও ১২ তারিখের রাত্রি যাপন করবে এবং দিনে সূর্য ঢলার পর তিনটি জামরায় কংকর নিক্ষেপ করবে। কংকর নিক্ষেপ করতে পায়ে হেঁটে যাওয়া সুন্নত। সর্বাগ্র প্রথম জামরায় পর পর সাতটি কংকর নিক্ষেপ করবে। এই জামরাটি মক্কা থেকে সবচেয়ে দুরবর্তী মসজিদে খায়ফের নিকট অবস্হিত। প্রতিটি কংকর নিক্ষেপের সময় আল্লাহু আকবার ধবনি উচ্চারণ করবে। কংকর নিক্ষেপ শেষে সামান্য এগিয়ে নিজ পছন্দ মোতাবেক দীর্ঘক্ষণ ধরে দোয়া করবে। যদি দোয়ার জন্য সময় কাটানো অসম্ভব হয় তাহলে সংক্ষেপে দোয়া করে নিবে, যাতে সুন্নতের উপর আমল হয়ে যায়। তারপর মধ্যবর্তী জামরায় পরপর সাতটি কংকর নি**ক্ষে**প করবে। কংকর নিক্ষেপের পর বাম দিকে সামান্য এগিয়ে কিবলামুখী হয়ে দু হাত উচু করে সম্ভব হলে দীর্ঘক্ষণ ধরে দোয়া করবে। আর না হয় সম্ভব পরিমাণ দাঁড়িয়ে দোয়া করে নিবে। তারপর জামরায়ে আকাবায় পরপর সাতটি কংকর নি**ক্ষেপ করবে।** প্রতিটি কংকর নিক্ষেপের সময় আল্লান্থ আকবার বলবে। এই

জামরায় কংকর নিক্ষেপের পর দোয়ার জন্য না থেমেইে চলে যাবে। এভাবে ১২ তারিখে কংকর নিক্ষেপ করার পর যদি প্রত্যাবর্তন করতে ইচ্ছা হয়, তাহলে মিনা থেকে বের হয়ে যাবে। আর যদি ইচ্ছা হয়, তাহলে মিনায় ১৩ তারিখের রাত্রি যাপন করবে, এবং দিনে উপরোল্লেখিত নিয়ম অনুযায়ী তিনটি জামরায় কংকর নিক্ষেপ করবে। ১২ তারিখ সুর্য্য অস্ত যাওয়ার পূর্বে যদি মিনা থেকে বের না হয়, তাহলে আরেক দিন অবস্হান করে ১৩ তারিখ সুর্য্য ঢলার পর তিনটি জামরায় কংকর নিক্ষেপ করা ওয়াজিব। যখন স্বদেশে প্রত্যাবর্তন করার ইচ্ছা করবে, তখন তাওয়াফে বিদা বা বিদায়ী তাওয়াফ না করা পর্যন্ত প্রত্যাবর্তন করবে না। কেননা নবীজী (সঃ) বলেছেন যে, তোমাদের কেউ যেন তার সফরের শেষ আল্লাহর ঘরের সঙ্গে না করে স্বদেশে প্রত্যাবর্তন করে না। তবে ঋতুবতী ও নেফাসওয়ালী মহিলাদের উপর বিদায়ী তাওয়াফ নেই। আর তাদের পক্ষে বিদায়ের জন্য মসজিদে হারামের গেইটের পাশে অবস্হান করা উচিত নয়। নিমে বর্ণিত বিষয়গুলি হজ্জ ও উমরাহ আদায় কারীর উপর ওয়াজিবঃ-

১। আল্লাহ তায়ালা যে সমস্ত বিষয় ওয়াজিব করে দিয়েছেন তা পুংখানপুংখরূপে সম্পাদন করা। সঠিক সময়ে জামাতের সাথে নামাজ আদায় করা।

- ২। নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকা। যেমন, স্থ্রী সম্ভোগ, বেহুদা ও বিবাদ বিসংবাদমূলক কাজ ও কথা বার্তা ইত্যাদি।
- ৩। কথা ও কাজে কোন মুসলমানকে কষ্ট না দেওয়া।
- ৪। ইহরাম অবস্হায় নিষিদ্ধ কার্য্যাদি থেকে দূরে থাকা।
- এগুলো নিমুরূপঃ-
- (ক) চুল বা নখ না কাটা। তবে কাঁটা বিধলে তা' খুলতে কোন অসুবিধা নেই, যদিও রক্ত বের হয়ে যায়।
- (খ) শরীর, কাপড়, পানীয় বস্তু অথবা খাদ্য দ্রব্যে সুগন্ধি ব্যবহার না করা। অনুরূপ সুগন্ধিযুক্ত সাবানও ব্যবহার করবে না। কিন্তু যদি ইহরামের পূর্বেকার ব্যবহৃত সুগন্ধি (শরীরে) থেকে যায়, তাহলে কোন দোষ নেই।
- (গ) কোন হালাল স্হলচর জম্ব শিকার না করা।
- (ঘ) উত্তেজনাসহ স্ত্রীর গা স্পর্শ করবে না অথবা চুমু দিবে না। আর স্ত্রীসহবাস এর চেয়েও দোষনীয়।
- (ঙ) নিজের জন্য কিংবা অপরের জন্য বিবাহের প্রস্তাব দিবে না, এবং আকদ্ও করবে না।
- (চ) হাত মোজা ব্যবহার করবে না। তবে ছেঁড়া কাপড় দিয়ে হাত বাঁধলে কোন অসুবিধা নেই।

নিম্নে বর্ণিত বিষয়াদি বিশেষ ভাবে পুরুষের জন্য নিষিদ্ধঃ

- (ক) এমন কিছু দিয়ে মাথা ঢাকবে না, যা মাথায় লেগে যায়। তবে ছাতা ব্যবহার করা, গাড়ী ও তাঁবুতে অবস্হান করা, অথবা মাথায় বোঝা চাপানো দোষনীয় নয়।
- (খ) জামা, কাপড়, বারানিস, (এক প্রকার টুপি সংযুক্ত জামা) পায়জামা, এবং মোজা ব্যবহার করবে না। তবে যদি লুক্তি না পায় তাহলে পাজামা ব্যবহার করতে পারবে। এমনি-ভাবে যদি জুতা না পায়, তাহলে মোজা ব্যবহার করতে পারবে।
- (গ) উপরোদ্রেখিত পরিধেয় বস্তুর সাথে যা সামঞ্জস্য রাখে, তাও ব্যবহার করতে পারবে না। যেমন, আবা (এক প্রকার জামা) টুপি, গেঞ্জি ইতাাদি। তবে, জুতা, আংটি, চশমা, শোনার জন্য কানের মেশিন, হাতঘড়ি ব্যবহার এবং প্রয়োজনীয় কাগজপত্র ও টাকা পয়সা রাখার জন্য কোমর বন্দ ও পেটি ব্যবহার করা জায়েজ আছে। অনুরূপ পরিস্কার পরিচ্ছন্নতার জন্য এমন কিছুর ব্যবহার যাতে সুক্রি নেই জায়েয় আছে। মাথা ও শরীর ধোয়া জায়েয় আছে, এমতাবস্হায় যদি আনিছা বশতঃ চুল পড়ে যায় তাহলে কোন ক্রতি নেই। আর মহিলারো মুখাজ্ঞানন অথবা ব্যেরকা পরিধান করবে না। ইহরাম অবস্হায় মহিলাদের জনা মুখ

খুলে রাখা সুনত। তবে পর পুরুষের সামনে মুখ ঢাকে রাখা ওয়াজিব। এখানে উল্লেখ্য যে, অমোহরেম অবস্হাতেও নারীদের জন্য পর পুরুষের সামনে মুখ ঢ়েকে রাখা ওয়াজিব।

মসজিদে নববীর জিয়ারতঃ

- (১) হাজীর আগ্রহ হলে হজ্জের আগে অথবা পরে মসজিদে নববীর জিয়ারত এবং সেখানে নামাজ পড়ার উদ্দেশ্যে মদীনার দিকে রওয়ানা দিবে। কেননা মসজিদে নববীতে নামাজ পড়া মসজিদে হারাম ব্যতীত অন্য যে কোন মসজিদে হাজার নামাজ পড়া অপেক্ষা উত্তম।
- (২) মসজিদে নববীতে পৌছে তাহিয়্যাতুল মসজিদ দু' রাকাত নামাজ অথবা ইকামত হয়ে গেলে ফরজ নামাজ আদায় করবে।
- (৩) অতঃপর নবী করীম (সাঃ) এর কবরের দিকে অগ্রসর হবে। এবং কবরের সামনে দাঁড়িয়ে এভাবে সালামু পাঠ করবেঃ-

السَّلَمُ عَلَيْكَ أَيَّهَا النَّبِي وَرَجُمَةُ السَّلَمُ عَلَيْكَ أَيَّهَا النَّبِي وَرَجُمَةُ اللهِ وَبَرَكَا لَهُ صَلَّى اللهُ عَلَيْكَ وَجَزَ اكَ عَنُ أُمِيتَكَ خَيْرًا...

(৪) তারপর ডান দিকে দু এক কদম সরে গিয়ে আবু বকর ছিদ্দীক (রাঃ) এর সামনে দাঁড়িয়ে এ বলে সালাম করবে ঃ- السلام عليك يا أبا بكر خليفة رسّم رسّول الله صلتى الله عَلَيه وسلّم ورَحْمَةُ الله صلتى الله عَلَيه وسلّم ورَحْمَةُ الله وبركاته رضى الله عنك وجز اك عن أمّة مُحمَد خيرًا __ عن أمّة مُحمَد خيرًا __ عن أمّة مُحمَد خيرًا و المعام الله عليك يا عُمرُ المير المعام ورضى الله عنك وجز الك الله عن الله عنى الله عنى

(৫) পবিত্র অবস্হায় ওজুসহ মসজিদে কুবায় যাবে, এবং নামাজ আদায় করবে।

(৬) বাকী কবরস্হানে গিয়ে উছমান (রাঃ) এর
কবরের সামনে দাড়িয়ে এ বলে সালাম করবে ৪السّلامُ عَلَيكَ بِا عُتْما نُ امِيْرَ
الْمُؤْمِنِيْنَ وَرَجْمَةُ اللهِ وَبَرَكَا تُهُ
رَضِيَ اللهُ عَنْكَ وَجَزَ اكَ عَنْ أُمّةِ
مُحَمَّدٍ خَيْرًا

বাকী কবরস্হানে অন্যান্য মুসলিম কবরবাসীদেরও সালাম করবে।

(৭) ওহুদে গিয়ে হজরত হামজা (রাঃ) এবং তাঁর সাথে যে সমস্ত শহীদান রয়েছেন তাঁদেরকে সালাম করবে। তাঁদের জন্য মাগফেরাত কামনা, আল্লাহর দয়া ও সম্বৃষ্টির জনা দোয়া করবে।

-আল্লাহ তৌফিকদাতা-

وَصَلَّى اللهُ وَسَلَّمَ عَلَٰي نَبِيّنَا مُحَمَّدٍ وَعَلَى اللهِ وَصَحِبِهِ اَجْمَعِيْنَ ._



صفةالحجوالعمرة

تاليف فضيلة الشيخ محمد الله محمد الصالح العثيمين رحمه الله ترجمه

محمد رشيد أحمد

(باللغة البنغالية)



مكتب دعوة و توعية الجاليات بعنين ة

هاتف ۲۰۸ ۲۳۱۴ با صابب ۸۰۸

(دمك: ۲ – ۱۲ – ۸۵۹ – ۹۹۲۰)

المراجع المرا